# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৮০

## আরবি মূল আয়াত:

إِنَّا كَذَٰلِكَ نَجۡزِى ٱلۡمُحۡسِنِينَ ﴿٨٠﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় এভাবে আমি সৎকর্মশীলদের পুরস্কার দিয়ে থাকি। — আল-বায়ান

সৎকর্মশীলদেরকে আমি এভাবেই প্রতিদান দিয়ে থাকি। — তাইসিরুল

এভাবেই আমি সৎ কর্মশীলদেরকে পুরস্কৃত করে থাকি। — মুজিবুর রহমান

Indeed, We thus reward the doers of good. — Sahih International

৮০. নিশ্চয় আমরা এভাবে মুহসিনদেরকে পুরস্কৃত করে থাকি,

-

তাফসীরে জাকারিয়া

(৮০) এভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করে থাকি; [1]

[1] অর্থাৎ, যেরূপ নূহ (আঃ)-এর দু'আ কবুল করে তার বংশধরকে বাকী রেখে এবং পরবর্তী প্রজন্মে তার সুনাম বাকী রেখে আমি নূহ (আঃ)-কে সম্মানিত করেছি, অনুরূপ যে কেউ নিজ কথা ও কর্মে সৎপরায়ণ হবে এবং তাতে সে সুদৃঢ় ও প্রসিদ্ধ হবে, তার সাথেও আমি ঐ ব্যবহার করব।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3868

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন